গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

**শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়নে "সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনদের" ভার্চুয়াল সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এনামুল কাদের খান<br>চেয়ারম্যান ( অতিরিক্ত সচিব), এনটিআরসিএ, ঢাকা । |
| সভার তারিখ | ২৭ সেপ্টেম্বর ২০২২ |
| সভার সময় | বেলা ১২.০০ ঘটিকা |
| স্থান | ভার্চুয়াল মাধ্যমে |
| উপস্থিতি | অনলাইন সভার স্ক্রীনশট |

সভাপতি সিলেট ও চট্টগ্রাম বিভাগের জেলা শিক্ষা অফিসারগণ এবং ভার্চুয়ালি সংযুক্ত বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর অন্যান্য কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভাপতি ভার্চুয়ালি সংযুক্ত কর্মকর্তাদের পরিচিতি পর্ব শেষে সভার প্রতিপাদ্য বিষয় সম্পর্কে সভাকে অবহিত করে বলেন সেবা প্রত্যাশীদের সেবার মান নিশ্চিতকরণসহ সুশাসন প্রতিষ্ঠার জন্য প্রয়োজন স্বচ্ছতা, নিরপেক্ষতা ও জবাবদিহিতার মাধ্যমে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে প্রতিপালন করা। সরকার প্রদত্ত আইন, বিধিমালা ও পরিপত্রের যথাযথ অনুসরণ ও প্রতিপালন স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে। তিনি ভার্চুয়ালি সংযুক্ত জেলা শিক্ষা কর্মকর্তাদের এনটিআরসি'র সম্পৃক্ত সকল কাজ স্বচ্ছতার সাথে প্রতিপালনের অনুরোধ জানান। তিনি বিভিন্ন শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণে এবং শূন্যপদের নির্ভুল তথ্য প্রেরণে জেলা শিক্ষা কর্মকর্তাগণের সার্বিক সহযোগিতার জন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। অত:পর সভাপতির অনুমতিক্রমে সচিব, এনটিআরসিএ শুদ্ধাচার বিষয়ক উপস্থাপনা পাওয়ার পয়েন্টের মাধ্যমে তুলে ধরেন।

সচিব, এনটিআরসিএ শুদ্ধাচার বিষয়ক তার উপস্থাপনা তুলে ধরে সিটিজেনস চার্টার এ বর্ণিত নাগরিক ও দাপ্তরিক সেবা, তথ্য অধিকার, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার সঙ্গে শুদ্ধাচারের সম্পৃক্ততা সম্পর্কে ভার্চুয়ালি সংযুক্ত সকল কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে এ ব্যাপারে সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করেন। তিনি আরও অবহিত করেন শুদ্ধাচারের প্রতিটি কর্ম মূল্যায়নের জন্য নির্ধারিত মান রয়েছে। কাঙ্খিত মান অর্জিত না হলে বার্ষিক কর্মপরিকল্পনার অভীষ্ট লক্ষ্য অর্জন বাধাগ্রস্ত হয়ে পড়বে। রূপকল্প-২০২১ বাস্তবায়নে বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন তখনি সম্ভব যখন জাতীয় শুদ্ধাচার কৌশলের প্রতিটি শাখার সূচকের মান অর্জন করা সম্ভব হবে। সুশাসন প্রতিষ্ঠার জন্য তিনি সকল সদস্যকে মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত মানদন্ড অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে সকলের আন্তরিক ও কার্যকর ভূমিকা প্রত্যাশা করেন।

সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) জনাব এ বি এম শওকত ইকবাল শাহীন সকল জেলা শিক্ষা কর্মকর্তাকে ৪র্থ গণবিজ্ঞপ্তির শূন্য পদের তথ্য প্রেরণের জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন অনলাইনে প্রেরিত তথ্য প্রেরণের ক্ষেত্রে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে, যাতে করে ভ্রান্তি শূন্যের কোটায় আনা সম্ভব হয়। তিনি সভাকে অবহিত করেন যে, জেলা শিক্ষা কর্মকর্তা এর মাধ্যমে যাচাইকৃত প্রেরিত শূন্য পদের তালিকা তিনটি অধিদপ্তরে যাচাইয়ের জন্য প্রেরণ করা হয়েছে। তিনটি অধিদপ্তর থেকে প্রাপ্তির পর তা ওয়েবসাইটে প্রকাশ করা হবে। প্রকাশিত শূন্য পদের তালিকায় কোনো ভুল পরিলক্ষিত হলে তা সংশোধনের সুযোগ থাকবে। তিনি ভার্চুয়ালি সংযুক্ত জেলা শিক্ষা কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করে নিয়োগ সুপারিশপ্রাপ্ত শিক্ষকদের এমপিওকরণের ক্ষেত্রে জনবল কাঠামো ও এমপিও নীতিমালায় নির্ধারিত দালিলিক কাগজপত্রের ভিত্তিতে এমপিওর বিষয়গুলো যাতে নিষ্পত্তি করা হয় সে ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন সুনির্দিষ্টভাবে বর্ণিত বিষয়ের বাইরে কোনো দালিলিক প্রমাণ এর অজুহাতে যেন কোনো প্রার্থী হয়রানির শিকার না হয় সে ব্যাপারে সকলকে দৃষ্টি রাখার আহ্বান জানান। তিনি একই সাথে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের যাতে নিয়োগ সুপারিশপত্রের ৫নং শর্ত অনুযায়ী কাম্য শিক্ষাগত যোগ্যতা যাচাই করে নিয়োগ চূড়ান্ত করা হয়, সে বিষয়ে প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদানের জন্য জেলা শিক্ষা অফিসারদের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি সভাকে আরও

অবহিত করেন যে, সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২০ গ্রহণের লক্ষ্যে ভেন্যুর তালিকা ইতোমধ্যে এ কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। তিনি প্রেরিত কেন্দ্র/ভেন্যুগুলো পুনরায় সরেজমিনে পরিদর্শন করে কোনো সংশোধন বা বিয়োজনের প্রয়োজন রয়েছে কি না সে বিষয়ে মতামত প্রেরণের অনুরোধ জানান।

সভায় জেলা শিক্ষা অফিসার সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও শূন্য পদের চাহিদা প্রেরণ, নিয়োগ সুপারিশ বাস্তবায়ন, এমপিওকরণে সৃষ্ট প্রতিবন্ধকতা এবং পার্বত্য জেলাসমূহে মহিলা কোটা অনুসরণ বিষয়ে বক্তব্য প্রদান করেন।

**সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-**

১। এনটিআরসিএ-এর সঙ্গে সম্পৃক্ত সকল কাজে আইন, বিধিমালা ও পরিপত্রের নির্দেশনা যথাযথ অনুসরণ ও প্রতিপালন করে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।

২। বিষয়ভিত্তিক শূন্য পদের চাহিদা প্রেরণের ক্ষেত্রে সর্বোচ্চ সর্তকতা অবলম্বন করে ভ্রান্তিহীন শূন্য পদের তালিকা প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩। সেবা প্রত্যাশীদের সর্বোচ্চ সেবা প্রদান নিশ্চিতকরণসহ দাপ্তরিক সেবা সহজিকরণে, তথ্য অধিকার নিশ্চিতকরণে এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে সেবা প্রত্যাশিদের উদ্বুদ্ধকরণে মাঠ পর্যায়ের কর্মকর্তারা উদ্যোগ গ্রহণ করবেন।

৪। মহাপরিচালকবৃন্দের দপ্তর হতে শূন্য পদের যাচাইকৃত তালিকা প্রাপ্তির পর তা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৫। আসন্ন সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষার জন্য নির্বাচিত ৯২৫টি ভেন্যু সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারগণ সরেজমিনে পরিদর্শন করে কোনো মতামত থাকলে এনটিআরসিএ-কে অবহিত করবেন।

সভাপতি শূন্য পদের চাহিদা নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের জন্য জেলা শিক্ষা অফিসারসহ সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও তাদের পরিচালনাপর্ষদকে ধন্যবাদ জানান।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

EQKhan

মোঃ এনামুল কাদের খান
চেয়ারম্যান ( অতিরিক্ত সচিব), এনটিআরসিএ, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০৯.৮০.০০১.২২.৭৪৬

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯
১০ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সদস্য (সকল), এনটিআরসিএ, ঢাকা

২) পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)


৩) পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

৪) উপপরিচালক (সকল), এনটিআরসিএ, ঢাকা

৫) সহকারী পরিচালক (সকল), এনটিআরসিএ, ঢাকা

৬) পি.এ টু চেয়ারম্যন , চেয়ারম্যান এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)

মোঃ ওবায়দুর রহমান
সচিব (উপসচিব)



Meeting
ntrca
Mohammad Fazlur Rahman, DEO, Moulvi...
DEO Habiganj Muhammad Ruhullah
DEO, Khagrachari, Uttam Khisa
ntrca
Dilsad Chowdhury DD,NTRCA
Member NTRCA
Galaxy M01s
Siddiqur Rahman Talukder, Deputy Dir...
Chairman, NTRCA
Secretary NTRCA
Abdul Matin,DE...
Deo Rangamati
Zakir Hossain, Member, NTRCA
Kazi Salimullah,DEO,Feni.
Mohammed Anamul Kabir
Abdul Matin,DEO,Laxmipur
Deo Rangamati
Feroz Ahmed
DEO COX- MD....
NTRCA
HP
Feroz Ahmed
DEO COX- MD. NASIR UDDIN
NTRCA
DEO Sylhet Abdul Wadud
HP
86°F Cloudy
1:14 PM



Galaxy M01s
ntrca
Chairman, NTRCA
Secretary NTRCA
NTRCA
Mohammad Fazlur Rahma...
DEO. Khagrachari
Member NTRCA
Dilsad Chowdhury DD,NTR...
Kazi Salimullah,DEO,Feni.
Siddiqur Rahma...
Siddiqur Rahman Talukder,...
DEO COX- MD....
DEO COX- MD. NASIR UD...
DEO Habiganj...
DEO Habiganj Muhammad...
Zakir Hossain,...
Zakir Hossain, Member, N...
DEO Cumilla
DEO Cumilla
lohammed Anamul Kabir
Deo Rangamati
Deo Rangamati
AD (EEC-1), NTR...
AD (EEC-1), NTRCA, Feroz ...
Abdul Matin,DE...
Abdul Matin,DEO,Laxmipur
HP
HP
Md. Jahir Abbas...
Md. Jahir Abbas, AP, NTRCA
realme RMX3085
realme RMX3085
itel Vision1(P36...
itel Vision1(P36 Play)
DEO Sylhet,Abdul Wadud